



# বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্পমন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মানভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৬৬, ৫৫০৩০১১৩; ফটোফোন: ১৬১১৯

Fax: 9131581, E-mail: bsti@bangla.net, Website: http://www.bsti.gov.bd



স্মারক নং: ৩৬.০৫.০০০০.৩০২.৪৬.০৭২.২৪ / ২০২৭(৩০)

তারিখ: ০৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ  
২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

## বিষয়: ইলেকট্রিক আয়রণ (Electric Iron) পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ অনুযায়ী বিএসটিআই'র বাধ্যতামূলক মানসনদের আওতাভুক্ত ৭৯ (উনআশি) টি পণ্য দেশে আমদানি করা হলে কাস্টমস ক্রিয়ারেপের পূর্বে বাংলাদেশ মান অনুযায়ী পরীক্ষান্তে বিএসটিআই হতে ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে ইলেকট্রিক আয়রণ (Electric Iron) পণ্যটি সংশ্লিষ্ট বাংলাদেশ মান অনুযায়ী পরীক্ষা সম্পন্ন করতে ২২ (বাইশ) কার্যদিবস সময় প্রয়োজন হয়। পরীক্ষণের দীর্ঘ সময়ের কারণে পোর্ট ডেমারেজ হতে রক্ষাকল্পে বাংলাদেশ ইলেকট্রনিক্স মার্চেন্টস এসোসিয়েশনের আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে আমদানিকৃত ইলেকট্রিক আয়রণ (Electric Iron) পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদানের প্রস্তাব বিএসটিআই কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

### শর্তাবলী:

- Electric Iron পণ্যের আমদানিকারক প্রতিষ্ঠানসমূহের নমুনা বিএসটিআই ল্যাবে জমাদানের পর যে বন্দরের মাধ্যমে পণ্য আমদানি করা হয়েছে উক্ত বন্দর সংশ্লিষ্ট বিএসটিআই অফিসে উক্ত কনসাইনমেন্টের অনুকূলে সাময়িক ছাড়পত্র গ্রহণের জন্য নমুনা জমাদানের রশিদসহ সংশ্লিষ্ট বিএসটিআই অফিসে সাময়িক ছাড়পত্রের জন্য আবেদন দাখিল করতে হবে।
- সংশ্লিষ্ট বিএসটিআই অফিস আমদানিকারক প্রতিষ্ঠান হতে সাময়িক ছাড়পত্রের জন্য আবেদন প্রাপ্তির পর আমদানিমূল্যের উপর হার (০.১০%) অনুযায়ী প্রযোজ্য ফি অগ্রীম গ্রহণ করবেন; যা অফেরতযোগ্য হবে এবং প্রতিষ্ঠানটিকে সংশ্লিষ্ট কনসাইনমেন্টের জন্য সাময়িক ছাড়পত্র প্রদান করবে। সাময়িক ছাড়পত্রের এক প্রস্থ কাস্টমস কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে।
- সাময়িক ছাড়পত্র প্রাপ্তির পর আমদানিকারক প্রতিষ্ঠান বিধি মোতাবেক প্রয়োজনীয় শুল্ক ও অন্যান্য ফি পরিশোধপূর্বক পোর্ট/বন্দর হতে মালামাল ছাড় করে আমদানিকারক কর্তৃক কোথায়, কোন গোডাউনে আমদানিকৃত Electric Iron সংরক্ষণ করা হবে- তার পূর্ণাঙ্গ ঠিকানা বিএসটিআইকে অবহিত করতে হবে এবং আমদানিকারকের ওয়্যার হাউজ/গোডাউনে ইনট্যাক্ট অবস্থায় সংরক্ষণ করতে হবে।
- আমদানিকারক প্রতিষ্ঠান আমদানিকৃত ইলেকট্রিক আয়রণ পণ্য চূড়ান্ত ছাড়পত্র না পাওয়া পর্যন্ত গোডাউনে ইনট্যাক্ট অবস্থায় সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করবেন, যা বিএসটিআই কর্তৃক একাধিকবার পরিদর্শন করা হবে। এ ক্ষেত্রে বিএসটিআই'র অনুমোদন গ্রহণ না করে মালামাল গোডাউন হতে বের করা হলে বা বিক্রি-বিতরণ করা হলে বিএসটিআই এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে। চূড়ান্ত ছাড়পত্র প্রাপ্তির পূর্বে কোন অবস্থাতেই পণ্য বিক্রি-বিতরণ করা যাবে না।
- বিএসটিআই'র সিএম উইংয়ের একজন উপযুক্ত কর্মকর্তা উক্ত গোডাউনটি সিলগালা করে চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পূর্ব পর্যন্ত চাবি নিজ জিম্বায় গ্রহণ করবেন এবং বিএসটিআই হতে চূড়ান্ত ছাড়পত্র প্রদানকালে সংশ্লিষ্ট আমদানিকারক প্রতিষ্ঠানটির গোডাউন সিলগালা অবমুক্ত করার লক্ষ্যে গোডাউনের চাবি আমদানিকারক প্রতিষ্ঠানকে হস্তান্তর করা হবে। আমদানিকারক বিএসটিআই'র স্ট্যান্ডার্ড মার্ক ও কিউআর কোড যুক্ত করে পণ্য মোড়কজাতকরণ বিধিমালা ২০২১ প্রতিপালন সাপেক্ষে আমদানিকৃত Electric Iron বিক্রি-বিতরণ করতে পারবেন।
- পণ্যটি সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস আইইসি ৬০৩১১:২০১৮) অনুযায়ী নমুনা পরীক্ষান্তে উক্ত মানের সমপর্যায়ের প্রতীয়মান হলে বিএসটিআই চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পর আমদানিকারক পণ্য বিক্রি-বিতরণ করতে পারবেন।
- যদি পণ্য সংশ্লিষ্ট বাংলাদেশ মান (বিডিএস) অনুযায়ী পরীক্ষায় অকৃতকার্য হয়, তবে বিএসটিআই কর্তৃক পণ্যসমূহের ব্যাপারে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কোন প্রতিষ্ঠান উপরে উল্লিখিত শর্তসমূহ পরিপালনে ব্যর্থ হলে পরবর্তীতে ঐ প্রতিষ্ঠানটির আমদানিকৃত Electric Iron পণ্যের অনুকূলে সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে না।

এমতাবস্থায়, বন্দর হতে খালাস প্রক্রিয়া সহজীকরণের জন্য উপরোক্ত শর্ত সাপেক্ষে আমদানিকৃত ইলেকট্রিক আয়রণ (Electric Iron) পণ্যের অনুকূলে বিএসটিআই হতে সাময়িক ছাড়পত্র ও চূড়ান্ত ছাড়পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এই আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

(মোঃ নূরুল আমিন)  
পরিচালক (সিএম)

### বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (পদার্থ), বিএসটিআই, ঢাকা।
- ২। পরিচালক, বিএসটিআই বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ৩। পরিচালক (অঃ দাঃ), বিএসটিআই বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৪। উপপরিচালক ও বিভাগীয়/আঞ্চলিক/জেলা অফিস প্রধান, খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ/গাজীপুর/নরসিংদী/দিনাজপুর/নওগাঁ/পাবনা/যশোর/কুষ্টিয়া/গোপালগঞ্জ/নোয়াখালী/পটুয়াখালী/কুমিল্লা/ফরিদপুর।
- ৫। সহকারী পরিচালক ও অফিস প্রধান, বিএসটিআই জেলা অফিস, কক্সবাজার।
- ৬। প্রধান ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বিএসটিআই, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, বিএসটিআই, ঢাকা (অফিস স্মারকটি সর্ব সাধারণের অবগতির জন্য ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। পিএ টু মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা (মহাপরিচালক (প্রোড-১) মহোদয়ের সদয় অবগতির জন্য)।